

পত্র প্রাপ্তি নং ১১৬০১
তারিখ ১৯/৩/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরনি
কাকরাইল, ঢাকা-১০০০

ক্র.সং.	বি.এ	বি.এস	বি.এস	বি.সং.

স্মারকনং ৪৬.২০৩.০০০০.০০১.৩৫.০০১.১৩- ৫২৫১

তারিখ- ১৭/৩/২০১৮ খ্রিঃ।

প্রজ্ঞাপন

বিষয় : পানির উৎস স্থাপনে পানির নমুনা সংগ্রহ ও গুণগতমান পরীক্ষা।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক স্থাপিত বিভিন্ন ধরনের পানির উৎসের পানির গুণগতমান পরীক্ষা বর্তমানে সংশ্লিষ্ট ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পন্ন করা হয়ে থাকে। একই সাথে পানির উৎস স্থাপনের জন্য উৎস হতে প্রাপ্ত পানির গুণগতমান গ্রহণীয় না হলে বিল পরিশোধ করা হবেনা/যাবেনা মর্মে চুক্তিনামায় একটি শর্ত ছিল যা বিগত ০৩ ফেব্রুয়ারী, ২০১৪ তারিখে প্রধান প্রকৌশলী কর্তৃক জারীকৃত একটি প্রজ্ঞাপনের মাধ্যমে বিলুপ্ত করা হয়েছে। ফলে বর্তমানে স্থাপিত পানির উৎস হতে প্রাপ্ত পানির গুণগতমানের সাথে তথা গুণগতমান পরীক্ষার প্রক্রিয়ার সাথে ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের সম্পৃক্ততা নাই। এরূপ পরিস্থিতিতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক উদ্দিষ্ট গভীরতায় নলকূপ/পানির উৎস স্থাপন এবং পানির গুণগতমান নিশ্চিতকরণের জন্য সর্বোচ্চ পেশাদারিত্ব বজায় রেখে নিবিড় তদারকি ও পরিমাপ নিশ্চিত করতে হবে। উপরন্তু পানির গুণগতমান পরীক্ষার জন্য নতুন পদ্ধতি অবলম্বনের ফলে নেতিবাচক কোন বিষয়ের উন্মেষনা ঘটিয়ে এবং নিরাপদ পানি সরবরাহের কাজে নিয়োজিত সরকারী প্রতিষ্ঠান হিসেবে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপর জনগোষ্ঠীর নির্ভরতার বিষয়টি অক্ষুণ্ন রেখে নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করতে হবে।

পানির গুণগতমান পরীক্ষা এবং নমুনা সংগ্রহ সংক্রান্ত গাইডলাইন (Guidelines and Recommendation on the Process of Testing Water Quality in DPHE Laboratories for newly Installed Water Points) সংশ্লিষ্ট ওয়ার্কিং গ্রুপ কর্তৃক সুপারিশ করা হয়েছে। এক্ষণে, উক্ত গাইড লাইনের আলোকে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো :

১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পানির গুণগতমান পরিবীক্ষণ ও সার্ভিলেন্স সার্কেল (WQMSC) - জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক স্থাপিত সকল পানির উৎসের পানির গুণগতমান পরীক্ষার সার্বিক দায়িত্ব পালন করবেন।
২. সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ অর্থ বছরের শুরুতেই প্রকল্পের আওতায় স্থাপিতব্য পানির উৎসের সংখ্যা সম্পর্কে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন পানির গুণগতমান পরিবীক্ষণ ও সার্ভিলেন্স সার্কেলের (WQMSC) তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে অবহিত করবেন। স্থাপিতব্য উৎসের পানির গুণগতমান পরীক্ষার জন্য প্রয়োজনীয় ব্যয় (HDP বোতলসহ) অর্থ বছরের শুরুতেই সংশ্লিষ্ট প্রকল্প কর্তৃক বরাদ্দ করা হবে। নমুনা সংগ্রহ সংক্রান্ত সকল ব্যয় প্রকল্প হতে নির্বাহ করা হবে।
৩. মাঠ পর্যায়ের নির্বাহী প্রকৌশলীদের চাহিদার ভিত্তিতে WQMSC কর্তৃক নমুনা সংগ্রহের জন্য Acidified/non acidified HDP বোতল সরবরাহ করা হবে যা নির্বাহী প্রকৌশলীগণ উপজেলা অফিসে বিতরণ করবেন। উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মেকানিকগণের সহায়তায় যথাযথভাবে নমুনা সংগ্রহ করে নির্বাহী প্রকৌশলীর নিকট প্রেরণ করবেন। নির্বাহী প্রকৌশলী পরীক্ষার জন্য আঞ্চলিক পরীক্ষাগারে প্রেরণ করবেন। উল্লেখ্য, নমুনা সংগ্রহের বোতলে অবশ্যই “Water Point ID” এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিমাপকৃত গভীরতা লিপিবদ্ধ থাকতে হবে।
৪. নমুনা সংগ্রহের সময় ফিল্ড টেস্ট কিট দ্বারা মেকানিকগণ পানির গুণগতমান বিশেষত আর্সেনিকের উপস্থিতি পরীক্ষা করবেন। প্রাপ্ত ফলাফল উপজেলা অফিসে সংরক্ষণ করতে হবে।

